# AKASHVANI(AIR)

## RNU: KOLKATA

## Bengali Text Bulletin

**07-04-2026** **Time: 1.30 PM**

বিশেষ বিশেষ খবরঃ-

১/ ভোটমুখী অসম কেরালম ও কেন্দ্র শাসিত অঞ্চল পুদুচেরীতে বিধানসভা নির্বাচনের প্রচারপর্ব আজ শেষ হচ্ছে। ভোটগ্রহণ ৯-ই এপ্রিল।

২/ সরকার দেশজুড়ে পরিযায়ী শ্রমিকদের দেওয়ার জন্য ৫ কেজি এল পিজি সিলিন্ডারের দৈনিক বরাদ্দ দ্বিগুণ করার সিদ্ধান্ত নিয়েছে।

৩/ খাদ্য নিরাপত্তা নিশ্চিত করে কৃষকদের আয় বৃদ্ধি করাই সরকারের শীর্ষ অগ্রাধিকার বলে জানিয়েছেন কেন্দ্রীয় কৃষি ও কৃষক কল্যাণ মন্ত্রী শিবরাজ সিং চৌহান।

৪/ দ্বিপাক্ষিক সম্পর্ক জোরদার করার লক্ষে বাংলাদেশের বিদেশমন্ত্রী খলিলুর রহমান আজ তিনদিনের সফরে ভারতে আসছেন।

৫/ ইরানের গুরুত্বপূর্ণ জ্বালানি পরিকাঠামোগুলিতে ইজরায়েল নতুন করে হামলা চালানোয় হামলা চালানোয় পশ্চিম এশিয়ার পরিস্থিতি আরও ঘোরালো হয়ে উঠেছে।

৬/ আই পি এল ক্রিকেটে আজ রাজস্থান রয়্যালস্ মুম্বাই ইন্ডিয়ান্সের বিরুদ্ধে খেলবে।

ooooooooooooooooooooooooo

ভোটমুখী অসম, কেরালাম ও কেন্দ্রশাসিত পুদুচেরিতে বিধানসভা নির্বাচনের প্রচারপর্ব আজ শেষ হচ্ছে। ১২৬ আসনের অসম, ১৪০ আসনের কেরালাম এবং ৩০ আসনের পুদুচেরি বিধানসভায় ভোট নেওয়া হবে এক দফায়, **বৃহস্পতিবার ৯ ই এপ্রিল**। বিভিন্ন রাজনৈতিক দলের শীর্ষ নেতারা শেষ মুহূর্তে ভোটারদের মন জয় করার জন্যে সব রকমের চেষ্টা চালিয়ে যাচ্ছেন।

এদিকে ভোটমুখী দুই রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলে আজ বিকেল ৫'টা অর্থাৎ ভোটের ৪৮ ঘণ্টা আগে থেকে 'সাইলেন্ট পিরিয়ড' শুরু হবে। এই সময় সমস্ত প্রচার, জনসভা, মিটিং, মিছিল এবং বৈদ্যুতিন ও সামাজিক মাধ্যমে কোনোরকম বক্তব্য বা প্রচার নিষিদ্ধ করা হয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

বিজেপির প্রবীন নেতা ও কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী বলেন আসামের পাথারকান্দিতে আয়োজিত নির্বাচনী জনসভায় অনুপ্রবেশ ইস্যুতে অমিত শাহ বিরোধী দল কংগ্রেসকে নিশানা করেন। তিনি বলেন কংগ্রেস আসামের বরাক উপত্যকায় অনুপ্রবেশকারীদের আশ্রয় দিয়ে শুধু উপত্যকাকে অবহেলা করেছে, এর উন্নয়নের জন্য কিছুই করেনি।

অন্যদিকে কেরালামে, কংগ্রেস নেত্রী প্রিয়াঙ্কা গান্ধী ভদরাও আজ সকালে কালপেট্টায় একটি নির্বাচনী জনসভায় ভাষণ দেন। কেরালায় ক্ষমতাসীন এলডিএফ (LDF) সরকারের তীব্র সমালোচনা করে তিনি অভিযোগ করেন, এলডিএফ-এর শাসনকালে সাধারণ মানুষের সমস্যা বহুগুণ বৃদ্ধি পেয়েছে।

অন্যদিকে কেন্দ্র শাসিত অঞ্চল পুদুচেরিতে আজ শেষবেলায় প্রচারে অংশ নিচ্ছেন কেন্দ্রীয় মন্ত্রী জে. পি. নাড্ডা, ডিএমকে (DMK) নেতা ও তামিলনাড়ুর উপ-মুখ্যমন্ত্রী উদয়নিধি স্ট্যালিন এবং 'বিধুথালাই চিরুথাইগাল কাচ্চি'-র নেতা ও সাংসদ থোল. থিরুমাভালাভান সহ অন্যান্য রাজনৈতিক দলের বিশিষ্ট নেতারা।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

পশ্চিমবঙ্গ বিধানসভার **প্রথম দফার নির্বাচনে, ১৫২ টি** আসনের জন্য জমা পড়া মনোনয়নপত্রগুলি আজ পরীক্ষা করে দেখা হচ্ছে।

গতকাল ছিল প্রার্থীপদ দাখিলের শেষ দিন। শেষ খবর অনুযায়ী প্রথম দফার জন্য এক হাজার ৫৮৬ জন প্রার্থী মনোনয়ন জমা দিয়েছেন। একজন প্রার্থী একাধিক মনোনয়ন দাখিল করতে পারেন। সেই প্রেক্ষিতে এযাবৎ মোট ২'হাজার ৩০৪ টি মনোনয়ন পত্র জমা পড়েছে।

৯’তারিখ বৃহস্পতিবার পর্যন্ত মনোনয়ন প্রত্যাহার করতে পারবেন প্রার্থীরা। এই দফায় ভোট গ্রহণ আগামী ২৩ শে এপ্রিল।

দ্বিতীয় দফায় ১৪২-টি আসনের জন্য মনোনয়ন জমা দেওয়ার কাজ জোরকদমে চলেছে। আগামী বৃহস্পতিবার পর্যন্ত এই প্রক্রিয়া চলবে। পরদিন শুক্রবার সেগুলি পরীক্ষা করে দেখা হবে। প্রার্থীপদ প্রত্যাহারের শেষদিন ১৩-ই এপ্রিল সোমবার। দ্বিতীয় দফায় ভোট নেওয়া হবে ২৯-শে এপ্রিল।

oooooooooooooooooooooooo

সরকার দেশজুড়ে পরিযায়ী শ্রমিকদের দেওয়ার জন্য পাঁচ কেজি ফ্রি ট্রেড এল পি জি সিলিন্ডারের দৈনিক বরাদ্দ দ্বিগুণ করার সিদ্ধান্ত নিয়েছে। পেট্রোলিয়াম ও প্রাকৃতিক গ্যাস মন্ত্রকের সচিব ডঃ নীরজ মিত্তাল এই বিষয়ে সব রাজ্য এবং কেন্দ্রশাসিত অঞ্চলের মুখ্য সচিবদের একটি চিঠিতে জানিয়েছেন, এই পাঁচ কেজির এলপিজি সিলিন্ডারগুলি তেল বিপণন সংস্থাগুলির সহায়তায় শুধুমাত্র নিজ নিজ রাজ্যের পরিযায়ী শ্রমিকদের সরবরাহ করার জন্য সব রাজ্য সরকার এবং তাদের খাদ্য ও সরবরাহ দফতরকে দেওয়া হবে। পেট্রোলিয়াম ও প্রাকৃতিক গ্যাস মন্ত্রক জানিয়েছে, পরিযায়ী শ্রমিকদের সরবরাহ করা সিলিন্ডারের গড় দৈনিক সরবরাহের উপর ভিত্তি করে এই বর্ধিত বরাদ্দ নির্ধারণ করা হবে।

উল্লেখ্য, গত মাসের ২৩ তারিখ থেকে প্রায় ছয় লক্ষ ৭৫ হাজার পাঁচ কেজি এলপিজি সিলিন্ডার বিক্রি হয়েছে।

ooooooooooooooooooooooooo

খাদ্য নিরাপত্তা নিশ্চিত করে কৃষকদের আয় বৃদ্ধি করাই সরকারের শীর্ষ অগ্রাধিকার, বলে জানিয়েছেন কৃষি ও কৃষক কল্যাণ মন্ত্রী শিবরাজ সিং চৌহান। জয়পুরে আয়োজিত আঞ্চলিক কৃষি সম্মেলনে যোগ দিয়ে তিনি বলেন কৃষিক্ষেত্রকে শক্তিশালী করার লক্ষ্যে সুনির্দিষ্ট ও বহুমুখী প্রচেষ্টা চালানো হচ্ছে। নতুন প্রযুক্তি গ্রহণ, আধুনিক কৃষি পদ্ধতির প্রসার এবং সমন্বিত কৃষি ব্যবস্থার ওপর গুরুত্ব দিয়ে যুদ্ধকালীন তৎপরতায় রাজ্যগুলোকে 'কৃষক আইডি' তৈরির আহ্বান জানান তিনি। এই উদ্যোগটি কৃষকদের সরকারি বিভিন্ন প্রকল্পের সুফল প্রত্যক্ষ ও স্বচ্ছভাবে পেতে সহায়তা করবে বলেও জানান শ্রী সিং।

সম্মেলনে রাজস্থানের মুখ্যমন্ত্রী ভজন লাল শর্মা কৃষকদের প্রথাগত চাষের পরিবর্তে প্রযুক্তি-নির্ভর ও আধুনিক কৃষি পদ্ধতি গ্রহণের আহ্বান জানান। এমনকি কৃষকদের আয় বৃদ্ধির লক্ষ্যে ফসল নির্বাচন ও চাষের পদ্ধতি সম্পর্কে কৃষি বিজ্ঞানীদের পরামর্শ নেওয়ার জন্যও বার্তা দেন তিনি।

এক দিনের এই আঞ্চলিক কৃষি সম্মেলনে আধুনিক কৃষি প্রযুক্তি, উদ্ভাবন এবং কৃষকদের আয় বৃদ্ধির বিভিন্ন পদক্ষেপ নিয়ে বিস্তারিত আলোচনায় অংশ নিতে রাজস্থান, গুজরাট, মহারাষ্ট্র, মধ্যপ্রদেশ এবং গোয়ার কৃষিমন্ত্রী, ঊর্ধ্বতন কর্মকর্তা, কৃষক ও কৃষিজাত পণ্য উৎপাদন সংগঠনের প্রতিনিধি এবং প্রগতিশীল কৃষকরা অংশগ্রহণ করেছেন।

ooooooooooooooooooooooo

বাংলাদেশের বিদেশমন্ত্রী খলিলুর রহমান আজ তিনদিনের সফরে ভারতে আসছেন। দ্বিপাক্ষিক সম্পর্ক জোরদার করার লক্ষ্যেই এই সফর। এই সময়ে শ্রী রহমান, বিদেশমন্ত্রী ডঃ এস জয়শঙ্করের সঙ্গে বৈঠক করবেন। জাতীয় নিরাপত্তা উপদেষ্টা অজিত দোভাল এবং পেট্রোলিয়াম ও প্রাকৃতিক গ্যাস মন্ত্রী হরদীপ সিং পুরীর সঙ্গেও তাঁর দেখা করার কর্মসূচী রয়েছে।

উল্লেখ্য, গত ফেব্রুয়ারীতে বি এন পি সরকার ক্ষমতায় আসার পর এই প্রথম কোনো বাংলাদেশী মন্ত্রী নতুন দিল্লি সফর করছেন। সংবাদমাধ্যম সূত্রে জানা গেছে, বাংলাদেশী নাগরিকদের জন্য ভিসা পরিষেবা, জ্বালানী সহযোগিতা, সীমান্ত ব্যবস্থাপনা, নদীর জল বন্টন এবং বাণিজ্য পরিষেবার মতো প্রধান ইস্যুগুলি নিয়ে আলোচনা হতে পারে। শ্রী রহমানের সঙ্গে রয়েছেন বাংলাদেশের প্রধানমন্ত্রী তারেক রহমানের পররাষ্ট্র বিষয়ক উপদেষ্টা হুমায়ুন কবীর।

oooooooooooooooooooooooo

ইরানের গুরুত্বপূর্ণ জ্বালানি পরিকাঠামোগুলিতে ইজরায়েল নতুন করে হামলা চালানোয় হামলা চালানোয় পশ্চিম এশিয়ার পরিস্থিতি আরও ঘোরালো হয়ে উঠেছে। ইজরায়েল ইরানের আসালুয়েহতে অবস্থিত দেশটির বৃহত্তম গ্যাস কেন্দ্র সাউথ পার্সে হামলা চালিয়েছে। ইরান পাল্টা হামলা চালাতে পারে বলে মনে করা হচ্ছে। এই ঘটনায় বিশ্বব্যাপী জ্বালানি সরবরাহে সম্ভাব্য বিঘ্ন ঘটার আশঙ্কা তৈরি হয়েছে।

এদিকে, সংঘাত নিরসনের লক্ষ্যে কোনো চুক্তিতে পৌঁছাতে তেহেরান ব্যর্থ হলে বা চূড়ান্ত সময়সীমার মধ্যে আন্তর্জাতিক জ্বালানী সরবরাহের গুরুত্বপূর্ণ পথ হরমুজ প্রণালী পুনরায় খুলে না দিলে এক রাতের মধ্যে ইরানকে ধ্বংস করে দেওয়া হবে বলে মার্কিন রাষ্ট্রপতি ডোনাল্ড ট্রাম্প হুঁশিয়ারী দিয়েছেন। প্রেসিডেন্ট ট্রাম্প, উপসাগরীয় দেশগুলিতে জ্বালানীর মুক্ত সরবরাহ সহ এক গ্রহনযোগ্য চুক্তিতে পৌঁছাতে আগামীকাল ভারতীয় সময় সকাল সাড়ে ৫ টা পর্যন্ত সময়সীমা ধার্য করেছেন।

এদিকে, শত্রুতার অবসান, পুনর্গঠনে সহায়তা এবং নিষাধাজ্ঞা প্রত্যাহারের দাবী জানিয়ে ইরান, মার্কিন যুক্তরাষ্ট্রের দেওয়া সংঘর্ষ বিরতি প্রস্তাব খারিজ করে দিয়েছে।

প্রেসিডেন্ট ট্রাম্প, ওই অঞ্চলে মার্কিন সেনাদের সাহায্য না করায় প্রশান্ত মহাসাগরীয় সহযোগী দেশ, বিশেষ করে ন্যাটোর সমালোচনা করেছেন।

oooooooooooooooooooooooo

সৌদি আরবের পূর্বাঞ্চলীয় প্রদেশকে লক্ষ্য ক'রে ইরান হামলা চালানোর হুঁশিয়ারি দেওয়ার পর, সৌদি আরব ও বাহরাইনের মধ্যে একটি গুরুত্বপূর্ণ সংযোগকারী পথ কিং ফাহদ কজওয়ে, আজ ভোরে বন্ধ করে দেওয়া হয়েছে। হরমুজ প্রণালীতে অচলাবস্থার সময় ২৫ কিলোমিটার দীর্ঘ এই কজওয়েটি অতীতে একটি বিকল্প স্থলপথ করিডোর হিসেবে কাজ করেছে। বর্তমান নিরাপত্তা পরিস্থিতির পরিপ্রেক্ষিতে সতর্কতামূলক ব্যবস্থা হিসেবে এই পদক্ষেপ বলে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ জানিয়েছে। সামুদ্রিক পথ ও আকাশসীমায় বিধিনিষেধের সময় এই পথ দিয়েই সৌদি আরব ও বাহরাইনের মধ্যে সবরকম যোগাযোগ হচ্ছিল এবং এর মাধ্যমে অন্যান্য উপসাগরীয় দেশগুলিতে সড়কপথে যাওয়ার সুযোগ ছিল। ফলে এর বন্ধ হয়ে যাওয়া আঞ্চলিক নিরাপত্তা সংক্রান্ত উদ্বেগ বাড়িয়েছে।

oooooooooooooooooooooooo

বিদেশসচিব বিক্রম মিশ্রি আগামীকাল থেকে তিন দিনের সফরে মার্কিন যুক্তরাষ্ট্র যাচ্ছেন। সফরকালে তিনি মার্কিন প্রশাসনের বরিষ্ঠ আধিকারিকদের সঙ্গে বাণিজ্য, প্রতিরক্ষা, বিজ্ঞান ও প্রযুক্তিসহ বিভিন্ন বিষয়ে এবং পারস্পরিক স্বার্থসংশ্লিষ্ট আঞ্চলিক ও আন্তর্জাতিক নানাবিধ বিষয় নিয়ে মতবিনিময় করবেন। বিদেশমন্ত্রক জানিয়েছে, ভারত ও মার্কিন যুক্তরাষ্ট্রের দ্বিপাক্ষিক

সম্পর্কের নানা দিক বিস্তারিতভাবে পর্যালোচনা করা হবে। গুরুত্বপূর্ণ ক্ষেত্রগুলোতে পারস্পরিক সহযোগিতার অগ্রগতি বিষয়গুলিও কথাবার্তায় উঠে আসবে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

ভারতে নিযুক্ত মার্কিন রাষ্ট্রদূত সার্জিও গোর, সাইবার অপরাধ, মাদক পাচার এবং বেআইনি চক্রের মতো অপরাধ দমন সংক্রান্ত বিষয়ে ভারত ও মার্কিন যুক্তরাষ্ট্রের দ্বিপাক্ষিক সহযোগিতা নিয়ে ওয়াশিংটনে এফ বি আই অধিকর্তা কাশ প্যাটেলের সঙ্গে বার্তালাপ করেছেন। সমাজমাধ্যমে এক বার্তায় সার্জিও গোর বলেন, নিরাপত্তা ও সুরক্ষার প্রশ্নে দু'দেশই দৃঢ়ভাবে একমত। এব্যাপারে এফ বি আই-এর কাজের প্রশংসা করেন তিনি।

ওয়াশিংটন সফরকালে সার্জিও গোর ভারত-মার্কিন সম্পর্ক শক্তিশালী করার বিষয়ে উপরাষ্ট্রপতি জেডি ভ্যান্সের সঙ্গেও কথা বলেন।

এর আগে, গত সপ্তাহে মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের সঙ্গে সাক্ষাতের পর একটি ম্যাগাজিনকে দেওয়া সাক্ষাৎকারে মার্কিন রাষ্ট্রদূত বলেন, প্রেসিডেন্ট ট্রাম্প প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীকে একজন প্রকৃত বন্ধু হিসেবে বিবেচনা করেন এবং তাদের আন্তরিক সম্পর্ক দু'দেশের মৈত্রীর বন্ধনকে আরও সুদৃঢ় করে। প্রতিরক্ষা, জ্বালানি, প্রযুক্তি এবং পরিকাঠামোগত উন্নতির ক্ষেত্রে সহযোগিতার মাধ্যমে ভারত – মার্কিন কৌশলগত অংশীদারিত্বের অগ্রগতির ওপর জোর দেন তিনি।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী সামাজিক মাধ্যমের এক বার্তায় ভিয়েতনামের নব নির্বাচিত প্রেসিডেন্ট লামকে অভিনন্দন জানিয়েছেন। লামের নেতৃত্বে ভারত ও ভিয়েতনামের মধ্যে বন্ধুত্ব আরও সুদৃঢ় হবে বলে আস্থা প্রকাশ করেন তিনি। ভিয়েতনামের জনগণ ও সেই দেশের অগ্রগতি ও সমৃদ্ধির লক্ষ্যে 'ব্যাপক কৌশলগত অংশীদারিত্ব'কে আরও গভীর করতে ঘনিষ্ঠভাবে কাজ করার অপেক্ষায় রয়েছেন বলেও জানিয়েছেন শ্রী মোদী।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

রাষ্ট্রসংঘের এক কর্মী একটি নিরাপত্তা সংক্রান্ত দুর্ঘটনায় নিহত হওয়ার ঘটনায় বিশ্ব স্বাস্থ্য সংস্থা W H O, যুদ্ধবিধ্বস্ত গাজা উপত্যকা থেকে আহত ব্যক্তি এবং চিকিৎসাকর্মীদের সরিয়ে নেওয়ার কার্যকলাপ স্থগিত করেছে।

এক বিবৃতিতে ডব্লিউ এইচ ও প্রধান টেড্রোস আধানম গেব্রেয়াসুস ঘোষণা করেছেন, এই ঘটনার পরিপ্রেক্ষিতে সংস্থাটি পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত গাজা থেকে রোগীদের সরিয়ে নিয়ে যাওয়ার কাজ স্থগিত করেছে। সংশ্লিষ্ট কর্তৃপক্ষ ঘটনাটি তদন্ত করছে।

সংবাদমাধ্যমের প্রতিবেদন অনুযায়ী, ২০২৩ সালের অক্টোবর থেকে গাজায় ১ হাজার ৭০০ জনেরও বেশি স্বাস্থ্যকর্মী নিহত হয়েছেন।

আরেকটি পৃথক ঘটনায়, মধ্য গাজায় উদ্বাস্তুদের একটি আশ্রয়শিবিরে ইজরায়েলি হামলায় অন্তত ১০ জন নিহত এবং আরও অনেকে আহত হয়েছেন বলে জানা গেছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

আজ বিশ্ব স্বাস্থ্য দিবস। ১৯৪৮ সালের আজকের দিনে বিশ্ব স্বাস্থ্য সংস্থা তৈরি হয়েছিল,এটি স্মরণে রাখতে ও বিশ্বব্যাপী স্বাস্থ্য সচেতনতা বাড়াতে ১৯৫০ সাল থেকে ৭ই এপ্রিল দিনটি বিশ্ব স্বাস্থ্য দিবস হিসেবে উদযাপিত হয়ে আসছে।

বিশ্ব স্বাস্থ্য দিবসে উপরাষ্ট্রপতি সি.পি. রাধাকৃষ্ণন বলেন সুস্বাস্থ্যই হলো একটি সুখী, কর্মক্ষম ও সমৃদ্ধ সমাজের ভিত্তি।

প্রধানমন্ত্রী জানান, বিশ্ব স্বাস্থ্য দিবসে আমরা সেই সমস্ত মানুষদের প্রতি কৃতজ্ঞতা জানাই যাঁরা অক্লান্তভাবে অন্যের সেবায় নিজেদের উৎসর্গ করেন এবং একটি স্বাস্থ্যকর পৃথিবী গড়ার লক্ষ্যে কাজ করে চলেছেন। স্বাস্থ্যকর সমাজ গড়ার প্রতি সরকারের অঙ্গীকারও পুনর্ব্যক্ত করেন প্রধানমন্ত্রী।

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রী জগৎ প্রকাশ নাড্ডা সকল চিকিৎসক, নার্স এবং স্বাস্থ্য ক্ষেত্রের কর্মীদের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করে বলেন তাঁদের নিষ্ঠাই দেশের স্বাস্থ্যসেবা ব্যবস্থাকে শক্তিশালী রেখেছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

আজকের প্রসঙ্গের এবারের বিষয় বিশ্ব স্বাস্থ্য দিবস। "দিনটির তাৎপর্য ও জনস্বাস্থ্য বিষয়ক সচেতনতা" এই বিষয়ে আমাদের প্রতিনিধি কাশফিন নাহার কথা বলেছেন বিশিষ্ট জনস্বাস্থ্য বিশেষজ্ঞ ডাক্তার কাজল কৃষ্ণ বণিক এবং ডাক্তার মধুমিতা দোবের সঙ্গে।

আকাশবাণীর সংবাদ বিভাগ প্রযোজিত অনুষ্ঠানটি শুনবেন আজ রাত ৮টায় গীতাঞ্জলি, DTH বাংলা এবং আকাশবাণী সংবাদ কলকাতা সোশ্যাল মিডিয়া প্লাটফর্মে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

আইপিএল ক্রিকেটের ম্যাচে আজ  রাজস্থান রয়্যালস, মুম্বই ইন্ডিয়ান্স এর বিরুদ্ধে খেলবে। গুয়াহাটির বর্ষাপারা স্টেডিয়ামে  খেলা শুরু হবে সন্ধ্যা সাড়ে সাতটায়।

রাজস্থান তাদের খেলা দুটি ম্যাচেই জয়ী হয়েছে।

মুম্বই ইন্ডিয়ান্স কে কে আরের বিরুদ্ধে প্রথম ম্যাচে জয়ী হওয়ার পর, দ্বিতীয় ম্যাচে দিল্লি ক্যাপিটালস এর কাছে পরাজয়ের সম্মুখীন হয়।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

০০০০০০০০০০০০০০০০০০০০০০০